

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
একটি বাড়ি একটি খামার প্রকল্প  
পচ্চী উন্নয়ন ও সমবায় বিভাগ  
প্রাচী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ)  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা

[www.ebek-rdcd.gov.bd](http://www.ebek-rdcd.gov.bd)

সূত্রঃ এবাএখা/প্রশা/প্রচারণা/২২/২০১৮-২৬২

তারিখঃ ১১.০৯.২০১৮ খ্রিঃ

## আঞ্চলিক ব্যক্তিগত বিজ্ঞপ্তি

- স্থানীয় সরকার, পচ্চী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পচ্চী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশেষ উদ্যোগ-১ "একটি বাড়ি একটি খামার" প্রকল্পে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি আগামী ২০২০ সালে শেষ হবে। এ প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপঃ
১. গ্রামাঞ্চলের দরিদ্র মানুষদের সমিতি বৃক্ষ করে (প্রতি সমিতিতে ৪০ জন মহিলা ও ২০ জন পুরুষ) সঞ্চয়ে উন্নুন্ন করা;
  ২. সঞ্চয়ে উৎসাহ প্রদান এবং সমিতিবন্ধ দরিদ্র মানুষের একটি মিউচুয়াল তহবিল গঠনের লক্ষ্যে সদস্যগুলি ৪৮০০ টাকা সঞ্চয়ের বিপরীতে ৪৮০০ টাকা হারে উৎসাহ সঞ্চয় কল্যাণ অনুদান আকারে প্রদান করা;
  ৩. প্রতি সমিতিতে ঘৰ্ণায়মান তহবিল হিসেবে ব্যবহারের জন্য ৩ লক্ষ টাকা অনুদান প্রদান করা;
  ৪. ২ বছরে একটি সমিতির তহবিল ৯ লক্ষ টাকায় উন্নীত করা;
  ৫. এ তহবিলে অর্থ প্রকল্পের অনলাইন সফটওয়্যারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে পরিচালনা করা;
  ৬. সমিতির জন্য সূজিত এ তহবিল স্থায়ী। সদস্যগণ এ তহবিল হতে খণ্ড নিয়ে নিজের বাড়িতে ক্ষুদ্র ক্ষুদ্র খামার (কৃষি, মৎস্য, পশুপালন, হাস-মুরগী পালন ইত্যাদি) সৃজন করে নিজেদের আয় বৃক্ষ করে দরিদ্র বিমোচনের প্রচেষ্টা গ্রহণ করবেন;
  ৭. নির্দিষ্ট সময়ে খণ্ডকৃত অর্থ ৮% সার্ভিসচার্জ সহ সমিতির হিসাবে জমা দিবেন এবং পুনরায় অধিক পরিমাণ খণ্ড গ্রহণ করে আয়বর্ধক কাজে বিনিয়োগ করবেন;
  ৮. এভাবে সমিতির সদস্যগণ তাদের জন্য সূজিত তহবিল স্থায়ীভাবে নিজেরা ব্যবহার করবেন যাতে তাদেরকে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে উচ্চসুন্দের খণ্ড গ্রহণ করতে না হয়;
  ৯. সমিতির সদস্যগণ পচ্চী সঞ্চয় ব্যাংকের সদস্য হবেন এবং সমিতির তহবিল চিরস্থায়ীভাবে পচ্চী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে লেনদেনে ব্যবহার করবেন;
  ১০. সমিতির তহবিল অপর্যাপ্ত হলে প্রকল্প এবং পচ্চী সঞ্চয় ব্যাংক হতে স্বল্প সুন্দের অধিক পরিমাণে খণ্ড নিয়ে নিজের ভাগ্য পরিবর্তনের চেষ্টা করবেন;
  ১১. সমিতির সদস্য হবার ক্ষেত্রে ডিস্কুন্ট, ছিন্নমূল পরিবার, হত দরিদ্র পরিবারদের অগ্রাধিকার প্রদান করা হয়ে থাকে;
  ১২. এভাবে পর্যায়ক্রমে দেশের গ্রামাঞ্চলের প্রতিটি বাড়িতে ক্ষুদ্র ক্ষুদ্র কৃষি খামার স্থাপনের মাধ্যমে উৎপাদনের কেন্দ্রবিন্দুতে পরিণত করে দারিদ্র্য বিমোচন করা।


প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে একটি বিশাল কর্মাণ্ড। এটির সফল বাস্তবায়নে সমাজের সর্বস্তরের মানুষের বিশেষ করে জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তি ও সর্বস্তরের সরকারি কর্মচারীবৃন্দের সম্পৃক্ততা অত্যন্ত জরুরি। তাই প্রকল্প কর্তৃপক্ষ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ "একটি বাড়ি একটি খামার" প্রকল্প ও পচ্চী সঞ্চয় ব্যাংক" এর ব্যাপক প্রচারের লক্ষ্যে প্রকল্পের বিভিন্ন খিমের উপর (যেমন প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ, যা শুধুমাত্র দারিদ্র মানুষের জন্য নির্বিদিত, সঞ্চয়ে উন্নুন্ন করা, দারিদ্র মানুষের জন্য নিজস্ব তহবিল সৃজন করা, ক্ষুদ্র ক্ষুদ্র পরিবারিক কৃষি খামার সৃজন করে আয় বৃক্ষ পূর্বক দারিদ্র বিমোচন করা, ডিজিটাল আর্থিক সেবা, ডিস্কুন্টকমিউনিটি করা, পচ্চী সঞ্চয় ব্যাংকের সদস্য হয়ে স্থায়ীভাবে সমিতির তহবিল ব্যবহার করা, জনপ্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণ ইত্যাদি) অত্যন্ত স্বল্প দৈর্ঘ্য টিভিসি (অডিও এবং ভিডিও) নির্মাণে এবং প্রচারে অগ্রহী। টিভিসি সরকারি ও বেসরকারি রেডিও এবং টেলিভিশনে প্রচার করা হবে।

এমতাবস্থায়, টিভিসি নির্মাণে অভিজ্ঞ প্রতিষ্ঠানের নিকট হতে প্রতিষ্ঠানের প্যাডে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। প্রতিষ্ঠানের যোগ্যতা, অভিজ্ঞতা বিষয়ক নিম্নোক্ত তথ্যাদি প্রস্তাবে উল্লেখ করতে হবে:

১. সরকারি বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচির উপর টিভিসি নির্মাণে বাস্তব অভিজ্ঞতা বিষয়ক তথ্য;
২. টিভিসি নির্মাণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল প্রয়োজনীয় সনদপত্র (যেমন ট্রেড লাইসেন্স, VAT, TIN, অন্য সনদপত্র প্রযোজ্য ক্ষেত্রে ইত্যাদি) হালনাগাদ সম্পর্কিত তথ্যাদি;
৩. প্রতিষ্ঠানের জনবলের (ক্রিপ্ট রাইটার, অভিনেতা, কঠশিল্পী, কারিগরী ইত্যাদি) বিবরণ/জীবন বৃত্তান্ত, যন্ত্রপাতির বিবরণ ও প্রমাণপত্র;
৪. অভিজ্ঞতার সনদপত্র এবং সরকারি প্রতিষ্ঠানে সরবরাহকৃত এবং বিভিন্ন মিডিয়ায় প্রচারের স্বপক্ষে প্রমাণাদি;
৫. কতগুলো খিমের উপর টিভিসি করতে ইচ্ছুক এবং তার কনটেন্ট কি হতে পারে, নির্মাণে এবং প্রচারে কেমন আর্থিক সংশ্লেষ থাকতে পারে সে সম্পর্কিত প্রাথমিক ধারণা, ইত্যাদি।

প্রাপ্ত প্রস্তাবসমূহ একটি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক বাছাই করা হবে এবং বাছাইকৃত প্রতিষ্ঠানের অনুকূলে আনুষ্ঠানিক Request for Proposal দলিল ইস্যু করা হবে।

এ প্রস্তাবনা কোন প্রতিষ্ঠানকে কাজ দেয়ার নিশ্চয়তা দিচ্ছেন। প্রাথমিক প্রস্তাব বিবেচনা করে যেকোন বা সকল প্রতিষ্ঠানের প্রস্তাব অগ্রাহ্য করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে আগামী ত্রুটি প্রযোজন করে আগামী ২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে/কুরিয়ারযোগে/হাতে হাতে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যের জন্য প্রকল্প দঙ্গের যোগাযোগ করা যেতে পারে।

  
(আকর্ষণ হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোনঃ ৯৮৫৯০৮৩, ফ্যাক্সঃ ৯৮৪৮২০৬  
[headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)